# ইতালির প্রধানমন্ত্রীর সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

09ই সেপ্টেম্বর, 2023

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী নয়াদিল্লিতে জি-২০ শীর্ষ সম্মেলনের ফাঁকে ইতালীয় প্রজাতন্ত্রের মাননীয় প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনির সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন। ২০২৩ এর মার্চ মাসে প্রধানমন্ত্রী মেলোনির রাষ্ট্রীয় সফরের পর এটি তার দ্বিতীয় ভারত সফর, যেখানে দ্বিপাক্ষিক সম্পর্ককে কৌশলগত অংশীদারিত্বের স্তরে উন্নীত করা হয়েছিল।

২. ভারতের জি-২০ প্রেসিডেন্সি এবং গ্লোবাল বায়োফুয়েল অ্যালায়েন্স এবং ভারত-মধ্যপ্রাচ্য-ইউরোপ ইকোনমিক করিডোরে ইতালির যোগদানের জন্য ইতালির সমর্থনের প্রশংসা করেন প্রধানমন্ত্রী।

৩. দুই দেশের মধ্যে কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার ৭৫ বছর পূর্তিতে সন্তোষ প্রকাশ করেন দুই নেতা। তাঁরা ভারত-ইতালি কৌশলগত অংশীদারিত্বের বিভিন্ন ক্ষেত্রে অগ্রগতির পর্যালোচনা করেন এবং প্রতিরক্ষা এবং নতুন ও উদীয়মান প্রযুক্তির মতো ক্ষেত্রগুলিতে সহযোগিতা জোরদার করতে সম্মত হন। তারা বৃহত্তর বৈশ্বিক কল্যাণের জন্য জি-৭ এবং জি-২০-এর সঙ্গে সামঞ্জস্য রেখে কাজ করার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন।

৪. প্রধানমন্ত্রী মেলোনি সফল জি-২০ শীর্ষ সম্মেলনের জন্য প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানান।

**নয়া দিল্লি**
**09ই সেপ্টেম্বর, 2023**